

আমাদের একজনের দৃশ্যপটে খেলা উচিত।

ঈশ্বর যিনি আমাদের জীবন দিয়েছেন এবং তাঁর প্রতিমূর্তিতে সৃষ্টি করেছেন, তাঁকে আমাদের সন্তুষ্ট করা প্রয়োজন। তাঁর পক্ষে এবং তাঁর অধীনে আমাদের কর্তৃত্ব করা। এবং যখন আমরা খেলি তখন তিনি আমাদের আগ্রহের কথা অবগত থাকেন। আমাদের একজনের উদ্দেশ্যে খেলা দরকার।

একটি দান

খ্রীষ্টান খেলোয়াড় হিসাবে যখন আমরা উপলব্ধি করি যে আমাদের খেলার সামর্থ্য ঈশ্বর প্রদত্ত একটি দান। আমরা সেই সামর্থ্যগুলোকে তাঁর সন্তুষ্টির জন্য আরও বেশী বেশী ব্যবহার করতে চাইবো। সাধারণভাবে— কারণ হলো তিনি কে? তিনি সৃষ্টিকর্তা এবং বিশ্ব ব্রহ্মাণ্ডের প্রভু এবং ঈশ্বর যিনি আমাদের খুব ভালবাসেন। আমরা চাইবো আমাদের মেধা এবং দক্ষতাকে তার আরাধনার একটি উপায় হিসাবে উৎসর্গ করতে।

তার মানে হলো যে আমরা ১০০% শেষ পর্যন্ত দিতে থাকবো এমনকি যদি খেলাতে পরাজিত হয়েও থাকি। আমরা সবাই জানি যে দুর্বল মানুষ হিসাবে আমরা এটা নিয়মিত রক্ষা করতে পারবো না এবং নিজেরা হতাশ হবো কিন্তু ঈশ্বরের সাথে সর্বদাই নতুন করে শুরু করার সুযোগ রয়েছে। প্রতিযোগিতা কিংবা সবচাইতে ভাল করার ইচ্ছা প্রকাশ করে আমাদের লজ্জিত হওয়ার প্রয়োজন নেই। আমাদের নিজস্ব প্রশংসা পাবার চেয়ে বরং তাকে বেশী সন্তুষ্ট ও সম্মান করার জন্য আমাদের বেশী আগ্রহ সৃষ্টি করা দরকার।

১৭

ঈশ্বরকে সন্তুষ্ট করা তাহলে কেমন? আদিপুস্তক দুই অধ্যায়ে দুটো সুনির্দিষ্ট নীতি উল্লেখ করেছে যা আমাদের খেলাধুলায় অবশ্যই প্রয়োগ করতে হবে। প্রথমত হলো কিভাবে আমরা আমাদের মেধা বা দক্ষতাকে ব্যবহার করি; দ্বিতীয়ত কিভাবে আমরা আমাদের সম্পর্ককে ব্যবহার করি।

এই বিশ্ব ব্রহ্মাণ্ডে ঈশ্বরের প্রতিনিধি হিসাবে আমাদের মেধা বা দক্ষতা এবং সম্পর্ক দু'টোর বিষয় প্রকাশের আরেকটি দিক হলো দশ আজ্ঞার যীশুর সার সংক্ষেপ যা 'সোনালী শাসন' হিসাবে পরিচিত। যেখানে যীশু তাঁর অনুসারীদের দুটি মহান আজ্ঞা বলেন। তিনি বলেন, "তোমার সমস্ত অন্তঃকরণ তোমার সমস্ত প্রাণ ও তোমার সমস্ত মন দিয়া তোমার ঈশ্বর প্রভুকে প্রেম করিবে," এইটি প্রথম ও মহৎ আজ্ঞা। আর দ্বিতীয়টি ইহার তুল্য। "তোমার প্রতিবেশীকে আপনার মত প্রেম করিবে।" মথি ২২:৩৭-৩৯ পদ।

আমরা পরবর্তী অধ্যায়গুলোতে এই দুইটি নীতি নিয়ে আরও আলোচনা করবো।



১৮



চিন্তা

আমি ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্টি হয়েছি। আমি হকি ক্লাবে, পিচে, বেঞ্চে, মিনিবাসে, হোটেলে, সব জায়গায় তাঁর প্রতিনিধি।



আলোচনা

আমাদের জন্য ক্রীড়া একটি প্রতিমা হয়ে উঠা কি বিপদজনক? কিভাবে আমরা ক্রীড়াকে ভালভাবে ব্যবহার করতে পারি?



কাজ

তোমার যোগ্যতা নিয়ে অন্যরা কি চিন্তা করছে এটা নিয়ে আশ্চর্য হওয়ার পূর্বে আজ তুমি যেভাবে খেলেছো তা সম্বন্ধে ঈশ্বর কি চিন্তা করছে, এটা জিজ্ঞাসা করুন।

১৯

৪ কাজ করা

পরে সদাপ্রভু ঈশ্বর আদমকে লইয়া এদনস্থ উদ্যানের কৃষিকর্ম ও রক্ষার্থে তথায় রাখিলেন।
আদিপুস্তক ২:১৫ পদ

“খ্রীষ্টান হিসাবে আমি আমার জীবনের সব কিছু মনে করি। আমার যে দক্ষতা রয়েছে সেভাবেই ঈশ্বর আমাকে যে তৈরী করেছেন যখন আমি গোলে লাথি মারি আমি বিশ্বাস করি আমি রাগবী খেলার সামর্থ্য দিয়ে তাঁর জন্য কাজ করি।” অল কেনেডি, ওল্ড কলফেইস এন্ড ক্যামব্রিজ ইউনিভার্সিটি

যখন আমরা কাজের বিষয়ে চিন্তা করি আমরা ভালভাবে চিন্তা করি জায়গার বিষয়ে যেখানে সপ্তাহে চল্লিশ ঘণ্টা কাজ করে বেঁচে থাকার জন্য অর্থ উপার্জন করা যায়।

সৃষ্টি বিবরণ আমাদের বেশ বড় এবং সমৃদ্ধশালী কাজের ছবি দেখায়, যেখানে ঈশ্বর প্রকাশিত হন যিনি কাজ করেন এবং যিনি নতুন নিয়ম অনুযায়ী বুঝা যায়, তিনি তাঁর পুত্রকে এই পৃথিবীতে পাঠান একজন কার্ঠমিস্ত্রি হিসাবে! আদিপুস্তক দেখায় যে আমরা যে জগতে বাস করি ঈশ্বর তা নিজ হাতে সৃষ্টি করেছেন। ঈশ্বর কাজ পছন্দ করেন!

ঈশ্বর আদমকে তার মেধা বা দক্ষতাকে ব্যবহার করে এ পৃথিবীর যত্ন নিতে নিয়োগ করলেন। তুমি কোন জগতে বাস কর? খেলার জগত।

আদিপুস্তক ২:১৫ পদ ব্যাখ্যা করে যে ঈশ্বরকে সন্তুষ্ট করার প্রথম পথ হলো আমাদের দক্ষতাকে কাজে ব্যবহার করে তার

২০